

তোমার মনে আগুন ছিল

তোমার মনে আগুন ছিল
চোখের তারায় ফাগুন ছিল
আমার হৃদয় তৃষ্ণ ছিল
জ্বলছি পুড়ে তাই,
পলাশ রাস্তা বনের পথে
তোমার সাথে জ্যোৎস্না রাতে
হাত জড়িয়ে তোমার হাতে
হারিয়ে যেতে চাই ।
শীত পেরিয়ে ফাগুন এলো
ভালবাসা ছড়িয়ে দিলো
বন্ধ হৃদয় খুলে গেলো
আলোর পরশ পেয়ে,
এই ফাগুনে ভালবাসায়
হরিৎ বনে পাতায় পাতায়
আকাশ ভরা তারায় তারায়
উঠছে হৃদয় গেয়ে ।
এই কি প্রিয় ভালবাসা
হৃদয় জুড়ে কিসের আশা
ফাগুন এলো সর্বনাশা
আকাশ বাতাস জুড়ে,
জ্বালাও তুমি আগুন হয়ে
জ্বলছি আমি ফাগুন হয়ে
তনু মনের সবটি ছুঁয়ে
ফাগুন জ্বরে পুড়ে ।